

না বলা কথা

□ সুস্মিতা নাথ (সুমন)

একাকিত্ব জড়িয়ে থাকে আষ্টেপৃষ্ঠে,
শত কোলাহলে, গভীর নির্জনতায় বাতাস
আলিঙ্গন করে থাকে যেভাবে ।।

কত কথা যা নিজেকেও বলা হয় নি আজও,
বলা হয়নি সেই অনুভূতির কথা- যা সৃষ্টি
করেছিল মনে আলোড়ন বা নীরব ঝড় ।

কতবার নিজেকে পাখি হয়ে খোলা আকাশে
উড়তে দেখেছি, সমুদ্রের ঢেউ হয়ে আছড়ে
পড়েছি ।

ঝড়না হয়ে পাহাড় বেয়ে নেমেছি ।
বিন্দু বিন্দু জল হয়ে ভিজিয়েছি মরুভূমি ।

শিশির বিন্দু হয়ে নরম ঘাসে খেয়েছে লুটোপুটি ।।

শরতের কাশফুল, গ্রীষ্মের চন্দ্র মল্লিকা,
রজনীগন্ধার গন্ধ হয়েছি, হয়েছি হেমন্তের
শীতলতা ।।

খোলা মাঠে মুক্ত বিহঙ্গের মতো এক প্রান্ত থেকে
আরেক প্রান্তে গিয়ে মিশে গেছি ।

রাতের অন্ধকারে জোনাকি হয়ে মিটমিট করেছি ।।

জীবনের প্রথম সূর্য উদয়ের অনুভূতি কি বলা হবে
না শেষ সূর্যাস্তের আগে ???